রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৬, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কৃষি মন্ত্রণালয়**

**উপকরণ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ পৌষ ১৪২৬/৩০ ডিসেম্বর ২০১৯

নং ১২.০০.০০০০.০২৬.৪০.০৩৩.১৯.২৮৬—সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ৭ ধারায় অর্পিত ক্ষমতাবলে ১৩ নভেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় সার প্রমিতকরণ কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে Rite Miracle Green নামীয় Plant Gorwth Regulator (PGR) এর আবেদনকারী প্রতিষ্ঠান : Rite Organix, Abu Sayeed Market, Joydebpur Road, Holdings-1065 ($3^{rd}$ Floor), Ward-16, Block-C, Chandana. Gazipur-1702 এর অনুকূলে নিম্নেবর্ণিত বিনির্দেশ ও শর্তাবলীর আলোকে এতদ্বারা সরকার কর্তৃক অনুমোদন প্রদান করা হলো :

১. বিনির্দেশ :

Name of the Product : Rite Miracle Green (সার জাতীয় দ্রব্য)

(শুধুমাত্র বাঁধাকপি উৎপাদনের জন্য ব্যবহার করা যাবে)

| | |
|---|---|
| Physical Condition | : Liquid |
| Colour | : Faint Yellow |
| Solubility | : Soluble in water Largely |
| Active Ingredient | : 1.0% N-Acytyl Glucoseamine |



মূল্য : টাকা ৪.০০

২. শর্তাবলী :

ক) সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ধারা ১৩(১) এবং সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন, ২০০৯ অনুযায়ী সারের বস্তার গায়ে লেবেল লাগাইতে হইবে।

খ) লেবেলে নিম্নেবর্ণিত তথ্যাদি স্পষ্টাক্ষরে ও সহজে দৃশ্যমানভাবে বাংলা বা ইংরেজিতে লিখিতে হইবে, যথা :—

i) সারের নাম (ব্রান্ড নাম যদি থাকে উহাও উল্লেখ করিতে হইবে);

ii) সারের বিদ্যমান আবশ্যকীয় উদ্ভিদ পুষ্টি উপাদানের নাম এবং উহার শতকরা হার;

iii) সারের নীট ওজন;

iv) প্রস্তুতকারকের নাম, ঠিকানা, নিবন্ধন নম্বর ও যে দেশে প্রস্তুত সেই দেশের নাম;

v) নিশ্চয়তা বিশ্লেষণ (Guaranteed Analysis);

vi) উৎপাদনের তারিখ; এবং

vii) সর্বোচ্চ খুচরা মূল্য (MRP)।

গ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক মনিটরিং করিতে হইবে;

ঘ) চাঁপাইনবাবগঞ্জ জেলার ০৩ (তিন)টি এবং রাজশাহী জেলার ০১ (এক)টি সহ মোট ০৪ (চার)টি উপজেলায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর প্রস্তাবিত Control System প্রয়োগ করিতে হইবে;

ঙ) পিজিআর বিক্রয়কারীকে রেজিস্টার মেইনটেইন করিতে হইবে;

চ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর অনুমতিক্রমে পিজিআর বিক্রয় করিতে হইবে;

ছ) এ সমস্ত পিজিআর ব্যবহার নিয়ন্ত্রণে টেকনিক্যাল কমিটি গঠনের বিষয়ে জাতীয় সার প্রমিতকরণ কমিটি'র পরবর্তী সভায় আলোচ্যসূচিভুক্ত করিয়া আলোচনা করিতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ তোফাজ্জল হোসেন**
যুগ্মসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd